সিঙ্গাপুরে মুক্তিযুদ্ধ মঞ্চের বিজয় দিবস উদযাপন

সিঙ্গাপুরে মহান বিজয় দিবস উদযাপন করেছে মুক্তিযুদ্ধ মঞ্চ সিঙ্গাপুর শাখা। এ উপলক্ষে দেশটির মোস্তফা প্লাজায় শনিবার সিঙ্গাপুর সময় রাত ৮টায় এক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মুক্তিযুদ্ধ মঞ্চ সিঙ্গাপুর শাখার সভাপতি সরকার আল-আমিনের সভাপতিত্বে ও সিনিয়র সহ-সভাপতি মিল্টন আহম্মেদের সঞ্চালনায় বিজয় দিবসটি পালিত হয়। মুক্তিযুদ্ধ মঞ্চ কেন্দ্রীয় কমিটির সভাপতি মো. আমিনুল ইসলাম বুলবুল, সাধারণ সম্পাদক মো. আল মামুন ও সহ-সভাপতি এস এম জাকারিয়া ভিডিও কনফারেন্সের মাধ্যমে এতে অংশ নেন।

প্রধান অতিথির বক্তব্য রাখেন সিঙ্গাপুর আওয়ামী লীগের সভাপতি ও বিশিষ্ট ব্যবসায়ী মো. আলেক হোসেন । প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন সিঙ্গাপুর আওয়ামী লীগের সহ-সভাপতি ইঞ্জিনিয়ার আব্দুল মালেক হীরা।

উপস্থিত ছিলেন সিঙ্গাপুর যুবলীগের সভাপতি কে এইচ আলামিন, সিঙ্গাপুর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক, জাকির হোসেন, সিঙ্গাপুর যুবলীগের সহ-সভাপতি ফজলুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক সোহেল রানা মিঠুন, টেম্পানিজ শাখার সভাপতি শফিকুল ইসলাম, জাতীয় শ্রমিকলীগ সিঙ্গাপুর শাখার সিনিয়র সহ-সভাপতি মো. তাহাজ্জত হোসেন রাজু, দপ্তর সম্পাদক মো. আমিরুল ইসলাম, ছাত্রলীগের সাধারণ সম্পাদক জেপি তালাশ, সহ-সভাপতি মো. হাবিব আহমেদ, আন্তর্জাতিক বঙ্গবন্ধু ফাউন্ডেশন সিঙ্গাপুর শাখার ভারপ্রাপ্ত সভাপতি শাহাদাত রাসেল চৌধুরী, সাধারণ সম্পাদক মিরাজ উদ্দিন, মুক্তিযুদ্ধ মঞ্চ সিঙ্গাপুর শাখার সহ-সভাপতি মো. মহসিন আহমেদ ইউনুস, সহ-সভাপতি মো. লোকমান হোসেন ও সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মো. রশিদুল ইসলাম রশিদ।

অনুষ্ঠানে সিঙ্গাপুর আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ এবং শ্রমিক লীগসহ সকল সহযোগী সংগঠনের নেতাকর্মীরা। অনুষ্ঠানের শুরুতে বঙ্গবন্ধু ও সকল শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।
- সিঙ্গাপুর থেকে প্রতিনিধি

চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার কুলপালায় চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকালে চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শাহ আব্দুল বাতেনের সভাপতিত্বে মতবিনময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোজাম্মেল হক।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি ও বীরমুক্তিযোদ্ধা নুরুজ্জামান লাল্টু, সহ-সভাপতি তোহিদ মেম্বার, সাংগঠনিক সম্পাদক খাইরুল বাশার, আওয়ামীলীগ নেতা শমশের, বেল্টু, নজরুল, মালেক, ঝন্টু, হারেজ মিয়া, ভুট্টা মিয়া, মহাসিন, আবুসিদ্দিক, মজিবর, আশুতোষ, আতাউর রহমান,প্রমুখ।

মতবিনিময় সভায় কিভাবে আওয়ামী লীগের ভিতকে শক্তিশালী করা যায় সে ব্যাপারে কিছু দিক নির্দেশনা মূলক আলোচনা হয় এবং আওয়ামী লীগের ২১ তম জাতীয় সম্মেলনে নবনির্বাচিত সভাপতি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সেক্রেটারি ওবায়দুল কাদের কে চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়।
- চিৎলা প্রতিনিধি

শহর সমাজসেবা কার্যালয়ের ২৮ তম ব্যাচের বিদায় অনুষ্ঠান

দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র UCD মেহেরপুর শহর সমাজসেবা কার্যালয়ের ১৮০ জন কম্পিউটার প্রশিক্ষণার্থীদের ২৮ তম ব্যাচের

বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমন্বয় পরিষদের সভাপতি মোঃ আমিনুল ইসলাম খোকন।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শহর সমাজসেবা অফিসার ও অধ্যক্ষ, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের মাহমুদ মাহমুদ।
এ সময় উপস্থিত ছিলেন পৌর সমাজ পৌর সমাজকর্মী তৌফিক এলাহী, মোঃ ফারুক, সহকারি কম্পিউটার প্রশিক্ষক নয়নতারা নিশাত, অফিস সহায়ক বাবুল আহমেদ প্রমুখ।
সঞ্চালনায় করেন শহর সমাজসেবা কার্যালয় এর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের প্রধান কম্পিউটার প্রোগ্রামার ও প্রশিক্ষক এসএম রাসেল।
- নিজস্ব প্রতিনিধি

গাংনীর এম.এইচ.এ বালিকা বিদ্যালয় এসএসসি ফরম পুরনে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার মহাম্মদপুর গ্রামের এম.এইচ.এ (মহাম্মদপুর হোগলবাড়িয়া আকুবপুর) বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ উঠেছে।

জানা গেছে, স্কুলের পরীক্ষার্থীদের কাছ থেকে বিভিন্ন কারণ দেখিয়ে অতিরিক্ত টাকা হাতিয়ে নিচ্ছে বিদ্যালয় কর্তৃপক্ষ। এম.এইচ.এ বালিকা মাধ্যমিক বিদ্যালয় ফি আদায়ের ক্ষেত্রে শিক্ষা বোর্ডের কোনও নিয়ম নীতির তোয়াক্কা করছে না। অতিরিক্ত ফি আদায় নিয়ে শিক্ষার্থী ও অভিভাবক মহলে চাপা ক্ষোভ বিরাজ করছে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্র জানায়, এসএসসির ফরম পূরণে বিজ্ঞান বিভাগে বোর্ড ও কেন্দ্র ফি ১৯৭০ টাকার পরিবর্তে নেওয়া হচ্ছে ২৩০০ টাকা এবং মানবিক বিভাগে বোর্ড ও কেন্দ্র ফি ১৮৫০ টাকার পরিবর্তে নেওয়া হচ্ছে ২২৫০ টাকা যা নির্ধারিত টাকার চেয়ে অনেক বেশি। বোর্ড নির্ধারিত ফি’র চাইতে অতিরিক্ত ফি দিতে হিমশিম খাচ্ছেন অনেক অভিভাবক।

আবার অনেকেই তাদের ছেলে-মেয়ের ভবিষ্যত শিক্ষা জীবনের কথা চিন্তা করে ধার-দেনা করে টাকা দিতে বাধ্য হচ্ছেন। এতে অভিভাবকদের মধ্যে চরম ক্ষোভ ও হতাশা লক্ষ্য করা গেছে। একাধিক অভিভাবক অভিযোগ করে বলেন, শিক্ষকরা টাকা ছাড়া কিছুই বোঝেন না। শিক্ষকরা শিক্ষাকে ব্যবসা হিসেবে নিয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক দুই শিক্ষার্থী তাদের রশিদ দেখিয়ে জানায়, বোর্ড নির্ধারিত ফিস এর থেকে প্রায় সাড়ে তিনশ থেকে চারশ টাকা করে প্রতি শিক্ষার্থীর কাছে থেকে বেশি নেওয়া হচ্ছে। কিছু বলতে গেলে শিক্ষকরা কোন জবাব দেয় না।

এম.এইচ.এ বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক মো: রফিকুল ইসলাম জানান, আমরা বোর্ড নির্ধারিত ফিস এর বাইরে অতিরিক্ত টাকা নিচ্ছিনা। তবে তিনি বলেন আমরা শিক্ষার্থীদের কাছ থেকে উন্নায়ন ফিস বাবদ টাকা নিয়েছি।

তবে উন্নয়ন ফি’র নামে বিজ্ঞান শাখায় ৩০০ টাকা এবং মানবিক শাখায় ২৫০ টাকা নেওয়া হচ্ছে। একই প্রতিষ্ঠানে দুই রকম উন্নয়ন ফি কেন জানতে চাইলে তিনি কোন জবাব দিতে পারেন নি। উন্নয়ন ফিস নিতে পারেন কি না জানতে চাইলে, তিনি বলেন ম্যানেজিং কমিটির সিদ্ধান্তে টাকা নেওয়া হয়েছে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মীর হাবিবুল বাশার বলেন, অতিরিক্ত ফি নেয়া হয়েছে কিনা বিষয়টি আমার জানা নেই, যদি অতিরিক্ত ফি নেয়া হয়ে থাকে তাহলে অবশ্যই বিদ্যালয়টির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলার রহমান জানান, বিষয়টি শুনেছি, অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক কে অফিসে ডাকা হয়েছে, সে কিছুদিন সময় নিয়েছে টাকা ফেরত দেওয়ার জন্য।
- এ সিদ্দিকী শাহিন

নতুন বছরে মন্ত্রীসভায় রদবদল – ওবায়দুল কাদের

নতুন বছরে মন্ত্রিসভা পুনর্গঠন হতে পারে বলে জানিয়েছেন নবনির্বাচিত সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি বলেছেন, সময়ে সময়ে ক্যাবিনেট (মন্ত্রিসভা) পুনর্গঠন হয়। দেখুন, নতুন বছরে হয়তো কিছু হতে পারে।

আজ রবিবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে এক প্রশ্নের উত্তরে তিনি একথা বলেন।

শেখ পরিবারের কেউ কমিটিতে আসতে পারে কি না এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, তারা নিজেরাই আসতে সম্মত নন। শেখ রেহানা, সজীব ওয়াজেদ জয়, সায়মা ওয়াজেদ হোসেন পুতুল, ববি, রুপুমতি এরা কেউই… এদের পরিবারের সিদ্ধান্ত। এখন পর্যন্ত আমি যতটুকু জানি, এবারকার নেতৃত্বেও কেউ আসবেন- এমন কোনো ইঙ্গিত আমি পাইনি।

উল্লেখ্য, গত ২০ ও ২১ ডিসেম্বর আওয়ামী লীগের সম্মেলন শেষে নতুন কমিটি গঠন করা হয়। তবে এখনও পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়নি। দল ও সরকারকে আলাদা করার বিষয়ে বিভিন্ন মহলে আলোচনাও ছিল। তার মধ্যে সরকারের মন্ত্রিসভার ছয়জন সদস্য কমিটি থেকে বাদ পড়েছেন। সূত্র: কালের কণ্ঠ

মেহেরপুরে আগুনে পুড়ে ছাই খড়ি বোঝাই ঘর

মেহেরপুরে বাচ্চা ছেলের দেওয়া আগুনে পুড়ে ছাই হয়েছে খড়ি বোঝাই। রবিবার দুপুরে শহরের নতুন পাড়ায় তুফানের বাড়িতে এ ঘটনা ঘটে। মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রনে।

বাড়ি মালিক তুফান জানান, দুপরে পাশের বাড়ির ছোট ছোট ছেলেরা খড়ি

ঘরের কাছে আগুন নিয়ে খেলা করছিল। এর মধ্যে কোন এক সময় তারা ঘরের ভিতর আগুন দিয়ে দেয়। খড়ি ঘরে আগুন দেখে আমরা চিৎকার দিলে আশে পাশের লোকজন ছুটে এসে আগুন নেভাতে সাহায্য করে। পরে ফায়ার সার্ভিসকে খবর দিলে একটি টিম এসে আগুন নিয়ন্ত্রন করে।

- নিজস্ব প্রতিনিধি

কুষ্টিয়ায় ট্রেন থেকে লাফিয়ে পড়ে যুবকের মৃত্যু

কুষ্টিয়ার পোড়াদহ জংশনে ট্রেন থেকে লাফিয়ে পড়ে অর্ক (২২) নামে এক যুবকের মৃত্যু হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যায় পোড়াদহে এ ঘটনা ঘটেছে। পোড়াদহ জিআরপি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এ তথ্য নিশ্চিত করেন। নিহত অর্ক পোড়াদহ স্টেশন এলাকার পল্টুর ছেলে।

ওসি জানান, বিকাল পৌঁনে ৫টার দিকে বেনাপোল এক্সপ্রেস চলন্ত ট্রেন থেকে লাফিয়ে পড়ে অর্ক নামে এক যুবক ঘটনাস্থলেই নিহত হয়। খবর পেয়ে নিহতের লাশ উদ্ধার করা হয়েছে। পরে নিহতের লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

সভাপতি শেখ হাসিনা, সাধারণ

সম্পাদক কাদের

সব জল্পনা কল্পনার অবসান ক্ষমতাসীন আওয়ামী লীগের যে নতুন কমিটি ঘোষণা করা হল, তাতে সভাপতি পদে শেখ হাসিনার সঙ্গে সাধারণ সম্পাদক পদে ওবায়দুল কাদেরই পুনর্নিবাচিত হলেন।

আওয়ামী লীগের ২১তম জাতীয় সম্মেলনের দ্বিতীয় দিন শনিবার কাউন্সিল অধিবেশন শেষ পর্বে সর্বসম্মতিক্রমে তাদের নির্বাচিত করা হয়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সড়ক পরিবহনমন্ত্রী ওবায়দুল কাদেরের নেতৃত্বে আওয়ামী লীগের নতুন কমিটির ওপরই আগামী বছর বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী এবং পরের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের কর্মসূচি সফলভাবে শেষ করার ভার থাকছে।

তীব্র শীতের কারণে এদিন দলীয় সভাপতির নির্দেশনায় কাউন্সিল অধিবেশনের কর্মসূচি সংক্ষিপ্ত করে আনা হয়। নতুন কমিটি নির্বাচনের আনুষ্ঠানিকতা বিকালে হওয়ার কথা থাকলেও তা সেরে ফেলা হয় দুপুরেই।

রেওয়াজ অনুযায়ী দলীয় সভাপতি শেখ হাসিনা আগের কমিটি বিলুপ্ত ঘোষণা করলে মঞ্চে আসে তিন সদস্যের নির্বাচন কমিশন। দলের উপদেষ্টা পরিষদের সদস্য ইউসুফ হোসেন হুমায়ুনের নেতৃত্বে এ কমিশনের অপর দুই সদস্য হলেন- উপদেষ্টা মসিউর রহমান ও সাইদুর রহমান।

দলের সভাপতিমণ্ডলীর সদস্য আব্দুল মতিন খসরু সভাপতি পদে আবারও শেখ হাসিনার নাম প্রস্তাব করেন। তাতে সমর্থন দেন সভাপতিমণ্ডলীর আরেক সদস্য পীযূষ কান্তি ভট্টাচার্য।

অন্য কোনো নামের প্রস্তাব না থাকায় ইউসুফ হোসেন হুমায়ুন প্রধান নির্বাচন কমিশনার হিসেবে শেখ হাসিনাকে টানা নবমবারের মত সভাপতি পদে নির্বাচিত ঘোষণা করেন।

নেতৃত্ব দিয়ে আসা বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার এখনও কোনা ‘বিকল্প নেই’। ফলে সভাপতি পদে যে কোনো পরিবর্তন আসছে না তা আগেই মোটামুটি নিশ্চিত ছিল। আলোচনা ছিল মূলত সাধারণ সম্পাদক পদ নিয়ে।

নির্বাচন কমিশনের সামনে সাধারণ সম্পাদক পদে ওবায়দুল কাদেরের নাম প্রস্তাব করেন দলের যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির নানক।

আরেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রহমান তাতে সমর্থন দেন।

এই পদের জন্যও অন্য কোনো নামের প্রস্তাব আসেনি। ফলে ইউসুফ হোসেন হুমায়ুন সাধারণ সম্পাদক পদে কাদেরকেই নির্বাচিত ঘোষণা করেন।

নতুন কমিটিতে যারা
নতুন কমিটির সভাপতি শেখ হাসিনা এরপর সভাপতিমণ্ডলী, উপদেষ্টা পরিষদ, যুগ্ম সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদকসহ গুরুত্বপূর্ণ কয়েকটি পদে নাম প্রস্তাব করে কাউন্সিলের সম্মতি নেন। সভাপতিমণ্ডলীতে তেমন কোনো পরিবর্তন নেই জানিয়ে শেখ হাসিনা নতুন তিনজনকে অন্তর্ভুক্তির কথা বলেন।
তাতে গত কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির নানক, আব্দুর রহমান ও সাবেক নৌমন্ত্রী শাজাহান খান সভাপতিমণ্ডলীতে স্থান পান।

আওয়ামী লীগের ২১তম জাতীয় সম্মেলনের কাউন্সিল অধিবেশনে সভপতি শেখ হাসিনা ও সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। ছবি: সাইফুল ইসলাম কল্লোল আওয়ামী লীগের ২১তম জাতীয় সম্মেলনের কাউন্সিল অধিবেশনে সভপতি শেখ হাসিনা ও সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। ছবি: সাইফুল ইসলাম কল্লোল পুরনো

সভাপতিমণ্ডলীতে ছিলেন সৈয়দা সাজেদা চৌধুরী, শেখ ফজলুল করিম সেলিম, মতিয়া চৌধুরী, মোহাম্মদ নাসিম, কাজী জাফর উল্যাহ, সাহারা খাতুন, ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, পীযূষ কান্তি ভট্টাচার্য, নুরুল ইসলাম নাহিদ, আব্দুর রাজ্জাক, ফারুক খান, রমেশ চন্দ্র সেন, আবদুল মান্নান খান ও আবদুল মতিন খসরু।

উপদেষ্টা পরিষদে আগের কমিটির সদস্যদের নাম পড়ে শুনিয়ে শেখ হাসিনা বলেন, এবার যেহেতু উপদেষ্টার দশটি পদ বাড়ানো হযেছে, বাকিদের নাম পরে ঘোষণা করা হবে।

পুরনো যুগ্ম সাধারণ সম্পাদক মাহাবুব-উল আলম হানিফ, দীপু মনির সঙ্গে নতুন যোগ হয়েছেন সাবেক প্রচার ও প্রকাশনা সম্পাদক হাছান মাহমুদ ও সাবেক সাংগঠনিক সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম।

কোষাধ্যক্ষ পদে এবার নতুন কারও নাম ঘোষণা করেননি শেখ হাসিনা। এইচএন আশিকুর রহমান দীর্ঘদিন ধরেই এ পদে দায়িত্ব পালন করে আসছেন।

সাংগঠনিক সম্পাদক হিসাবে আগের কমিটির আহমেদ হোসেন, বিএম মোজাম্মেল হক, আবু সাঈদ আল মাহমুদ স্বপনের সঙ্গে যুক্ত হয়েছে নির্বাহী কমিটির সদস্য এস এম কামাল হোসেন ও মির্জা আজমের নাম।

প্রচার ও প্রকাশনা সম্পাদক। উপ দপ্তর সম্পাদক বিপ্লব বড়ুয়া এবার পুরো সম্পাদকের দায়িত্ব পেয়েছেন। আইন বিষয়ক সম্পাদকের দায়িত্বে এসেছেন নজিবুল্লাহ হিরু। মেহের আফরোজ চুমকি পেয়েছেন মহিলা বিষয়ক সম্পাদকের পদ।

এছাড়া আগের কমিটির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক করা হয়েছে শাম্মী আহমেদ, কৃষি ও সমবায় বিষয়ক সম্পাদক ফরিদুন্নাহার লাইলী, ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক সুজিত রায় নন্দী, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক দেলোয়ার হোসেন, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ইঞ্জিনিয়ার আবদুস সবুর, মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক হয়েছেন মৃণাল কান্তি দাস, যুব ও ক্রীড়া সম্পাদক হারুনুর রশীদ, শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক হয়েছেন শামসুন নাহার চাঁপা, সংস্কৃতি বিষয়ক সম্পাদক অসীম কুমার উকিল, স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডা. রোকেয়া সুলতানা এবারও একই দায়িত্বে আছেন।

যেসব পদে নাম ঘোষণা হয়নি, পরে আলোচনা সাপেক্ষে সেসব পদ পূরণ করা হবে বলে দলীয় সভাপতি শেখ হাসিনা জানিয়েছেন। আর ওবায়দুল কাদের বলেছেন, আগামী দুই এক দিনের মধ্যেই পূর্ণাঙ্গ কমিটি হয়ে যাবে বলে তারা আশা করছেন।

সম্মেলন শেষে ধানমণ্ডিতে এক ব্রিফিংয়ে কাদের বলেন, “পূর্ণাঙ্গ কমিটির জন্য একটু অপেক্ষা করতে হবে। ৮১ জনের যে কমিটিটা ছিল, সেটা সুন্দর কমিটি, অ্যাকটিভ কমিটি ছিল, নন পারফর্মার ছিল না।

“অনেকে ছিল যাদের নেত্রী ভারবাহী করতে চাননি, যাদের মন্ত্রিত্ব আছে, তেমন অনেকেরই হয়ত (দলে) দায়িত্বের পরিবর্তন এবার হবে। সেটা আজকেও আপনারা বুঝতে পেরেছেন।

“কার্যনির্বাহী সদস্য পদে নতুন মুখ আসবে, দুই-একদিনের মধ্যেই সভাপতিমণ্ডলীর সঙ্গে আলাপ আলোচনা করে ঘোষণা করা হবে।”

দলীয় সভাপতি হিসেবে নাম ঘোষণার পর মঞ্চে এসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, “আসলে আমি চাচ্ছিলাম যে দীর্ঘদিন আওয়ামী লীগের দায়িত্বে ছিলাম, অন্তত আমাকে একটু ছুটি দেবেন।

“৩৮টা বছর ৩৯ বছর চলছে। আমি কোনো পদে থাকি না থাকি, আওয়ামী লীগেরই আছি আওয়ামী লীগেরই থাকব। এটাই আমার পরিবার।”

বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের পর প্রায় ছয় বছর বিদেশে নির্বাসিত জীবন কাটিয়ে ১৯৮১ সালে দেশে ফিরে দলের হাল ধরেছিলেন শেখ হাসিনা। সে কথা মনে করে আবেগ আপ্লুত হয়ে পড়েন তিনি।

“৭৫ সালে বাবা-মা-ভাই-বোন সব হারিয়ে বাংলাদেশে ফিরেছিলাম। যেদিন দেশে ফিরেছিলাম সেদিন দেখেছি আমার আপনজন কেউ নেই, যাদেরকে রেখে গিয়েছিলাম। পেয়েছিলাম বিশাল একটা পরিবার, সেটা হচ্ছে বাংলাদেশ আওয়ামী লীগ।”

শেখ হাসিনা বলেন, আওয়ামী লীগের অসংখ্য নেতাকর্মীর স্নেহ, ভালোবাসাই তার চলার পথের শক্তি, অর্থসম্পদ নয়। আওয়ামী লীগ নেতা বানিয়েছে বলেই তিনি সংগঠন গড়ে তোলার চেষ্টা করতে পেরেছেন।

আগামীর জন্য নতুন নেতা খুঁজে নেওয়ার তাগিদ দিয়ে বঙ্গবন্ধুকন্যা বলেন, “আপনাদের সামনে ভাবতে হবে। কারণ আমার বয়স হয়ে গেছে। আমার অলরেডি ৭৩ বছর বয়স, এটা ভুলে গেলে চলবে না। কাজেই আস্তে আস্তে

এই সংগঠনকে নিজের পায়ে দাঁড়াতে হবে। আগামীতে নতুন নেতা আমাদেরকে নির্বাচন করতে হবে।”
গঠনতন্ত্রের পরিবর্তন

আওয়ামী লীগের ২১তম জাতীয় কাউন্সিল থেকে সহযোগী সংগঠনের মর্যাদা পেয়েছে আওয়ামী মৎস্যজীবী লীগ। সহযোগী সংগঠনের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে আটে।

বাকি সাত সংগঠন হল- যুবলীগ, মহিলা লীগ, যুব মহিলা লীগ, তাঁতী লীগ, বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদ, কৃষকলীগ, স্বেচ্ছাসেবক লীগ, মৎস্যজীবী লীগ হলো সহযোগী সংগঠন। এছাড়া জাতীয় শ্রমিক লীগ ও ছাত্রলীগ ভ্রাতৃপ্রতীম সংগঠন হিসেবে স্ব স্ব গঠনতন্ত্র অনুয়ায়ী চলবে।

এছাড়া বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদ ও আওয়ামী আইনজীবী পরিষদকে একীভূত করে বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদের নামে সংশোধন করা হয়।

গঠনতন্ত্রে দলের ডেটাবেইজ করার কোনো উল্লেখ না থাকায় এবার গঠনতন্ত্রে নতুনভাবে তা যুক্ত করার জন্য সমর্থন চান শেখ হাসিনা।

কাউন্সিলরদের সমর্থনে তার গঠনতন্ত্রে যুক্ত হয়।

অপেক্ষায় আওয়ামী লীগের কাউন্সিলররা, কেমন হবে নতুন কমিটিঅপেক্ষায় আওয়ামী লীগের কাউন্সিলররা, কেমন হবে নতুন কমিটিশীতের দাপটে কাউন্সিল শেষ ৩ ঘণ্টায়

শনিবার সকালে কাউন্সিল অধিবেশন শুরু করে বিকালে নির্বাচন শেষে নতুন কমিটি ঘোষণা করার কথা ছিল সূচিতে।

কিন্তু তীব্র শীতের কারণে কাউন্সিল অধিবেশনের সভাপতি শেখ হাসিনা সকালে তার উদ্বোধনী বক্তব্যে কাউন্সিল অধিবেশন সংক্ষিপ্ত করার কথা বলেন। সে অনুযায়ী সকাল সাড়ে ১০টায় অধিবেশন শুরু করে বেলা দেড়টায় শেষ করে দেওয়া হয়।

সকাল ১০টায় অধিবেশন শুরুর কথা থাকলেও কাউন্সিলররা রমনার ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন মিলনায়তনে অধিবেশনস্থলে আসতে শুরু করেন সকাল ৮টা থেকেই। নেতাকর্মীদের অনেকে ভিড় করেন ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশনের গেইটের সামনে। ফলে সেখানে উৎসব মুখর পরিবেশ তৈরি হয়।

কাউন্সিল চলাকালে সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের তার প্রতিবেদন উপস্থাপন করেন। কোষাধ্যক্ষ আশিকুর রহমানের পেশ করেন বাজটে। পরে গঠনতন্ত্রের সংশোধন অনুমোদন করা হয়।

অধিবেশনের সভাপতি শেখ হাসিনা তৃণমূল থেকে আসা কাউন্সিলরদের বক্তব্য শুনতে চাইলে কয়েকজন কথা বলেন।

সিলেট মহানগর আওয়ামী লীগের সভাপতি মাকসুদ উদ্দিন আহমেদ বলেন, “দলে অনেক অনুপ্রবেশকারী ঢুকেছে, যাদের জন্য আমরা বিব্রত। দলের অনেকেই এই অনুপ্রবেশ কারীদের আশ্রয়-প্রশ্রয় দিচ্ছে, সে বিষয়টা নেত্রী আপনাকে খেয়াল রাখতে হবে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে।

“দলে যারা দুর্নীতির সঙ্গে সম্পৃক্ত, তাদের বিরুদ্ধে আপনি ইতোমধ্যে ব্যবস্থা নেওয়া শুরু করেছেন, সেটা আরও জোরদার করবেন বলে আশা করি।”

মাকসুদ বলেন, “সম্প্রতি রাজাকারের তালিকায় মুক্তিযোদ্ধাদের নাম এসেছে, আমি অনুরোধ করব রাজাকারের তালিকায় যেন মুক্তিযোদ্ধার নাম না আসে, তেমনি মুক্তিযোদ্ধার তালিকায় যেন রাজাকারের নাম না

আসে। সে বিষয়েও আপনি খেয়াল রাখবেন।”

কুমিল্লা উত্তর আওয়ামী লীগের সভাপতি রুহুল আমিন বলেন, “আমার জেলায় যারা রাজাকারদের ঢুকিয়েছে, আমি সেই রাজাকারদের দলে রাখব না। এর জন্য নেত্রী আপনার সহযোগিতা চাই। আমি আওয়ামী লীগের ঘরে জন্ম নিয়েছি, আমি ছাত্রলীগ করে এখানে এসেছি, আমি রাজাকার আলবদরদের দলে রাখব না। আমি আওয়ামী লীগকে আওয়ামী লীগের হাতে তুলে দেব।”

রেওয়াজ মেনে দলের সভাপতি শেখ হাসিনা আগের কমিটি বিলুপ্ত ঘোষণা করলে মঞ্চে আসে তিন সদস্যের নির্বাচন কমিশন। বিনা প্রতিদ্বন্দ্বিতায় দলের সভাপতি হন শেখ হাসিনা ও সাধারণ সম্পাদক হন ওবায়দুল কাদের।

নতুন সভাপতি সাধারণ সম্পাদক মঞ্চে আসার পর শেখ হাসিনা বক্তব্য শুরু করেন। তার আবেগময় বক্তৃতায় পুরো কাউন্সিল অধিবেশন স্তব্ধ হয়ে যায়।

পরে সভাপতিমণ্ডলী, যুগ্ম সম্পাদক, সম্পাদকমণ্ডলীর নাম ঘোষণা করেন শেখ হাসিনা। স্লোগানের আর করতালিতে নতুন নেতৃত্বকে স্বাগত জানান কাউন্সিলররা।

- নিজস্ব প্রতিবেদক

ফুটপথের দোকান গুলোতে নিম্ন ও মধ্যবিত্ত মানুষের ভিড়, সুযোগ নিচ্ছে ব্যবসায়ীরা

সারাদেশে শীতের তীব্রতা থাকলেও দুদিন ধরে এক অঙ্কের ঘরে তাপমাত্রা ছিল মেহেরপুরে। এদিকে শীতের তীব্রতার বারতে থাকায় মেহেরপুরের ফুটপথ বা পুরাতন মার্কেট গুলোতে বেচাকেনা বৃদ্ধি পেয়েছে। আর বেচাকেনা বৃদ্ধি পাওয়াতে দামও বাড়িয়েছে বিক্রেতারা।

গতকাল শনিবার তাপমাত্রা কিছুটা বাড়লেও কমেনি শীতের তীব্রতা। ঘনকুয়াশা না থাকলেও সকাল বেলায় কনকনে ঠান্ডায় বিশেষ প্রয়োজন ছাড়া কেউ বের হচ্ছে না। তবে কনকনে শীতকে উপেক্ষা করে কাজের সন্ধানে ছুটছে নিম্ন আয়ের মানুষ। বোরো বীজতলা নিয়ে শঙ্কিত কৃষকরা। এভাবে তাপমাত্রা কমতে থাকলে কোল্ড ইনজুরিতে বীজতলা নষ্ট হয়ে যেতে পারে বলে আশংকা করছেন কৃষকরা। আগুন জে¦লে শীত নিবারনের চেষ্টা করছে অনেকে।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিস জানিয়েছে, গতকাল শনিবার সকাল ৬টায় এ অঞ্চলে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১০.২ ডিগ্রি সেলসিয়াস। এর আগে তাপমাত্রা ছিল যথাক্রমে ৭.৯ এবং ৮.৫ ডিগ্রি সেলসিয়াস।
গাংনী মহিলা কলেজের প্রভাষক রমজান আলী জানান, শীত নিবারনের জন্য ফুটপথের গরম কাপড়ের দোকানে প্রচুর ভিড় করছে নিম্ন ও মধ্যবিত্ত পরিবারের মানুষ। সল্পমূল্যে ভালো কাপর পাওয়া যায় বলে খোলা মার্কেটে মানুষ কাপড় কিনতে আসে। কিন্তু দুইদিন শীত বাড়ার সাথে সাথে পোষাকের দামও বেড়ে গেছে।

সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক রকিবুল ইসলাম বলেন, বিশেষ করে যারা ফুটপথের বাজার গুলোতে বেচা বিক্রি করছে তাদের ব্যাপক হারে বিক্রি বেড়েছে। তবে দুইদিনের শীতে চাহিদা বাড়ার সাথে সাথে দামও বাড়ছে। অতিরিক্ত দামের বিষয়ে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন অনেকে।

শ্রমিক নেতা মনিরুল ইসলাম বলেন, শনিবার দুপুরেও শীতের তীব্রতা না কমায় বিভিন্ন ড্রাইভারদের সাথে নিয়ে আগুন জ¦◌ালিয়ে হাত ও পা তাপিয়ে শরীরে রক্তচলাচল স্বাভাবিক রাখছি। অনেক ড্রাইভার গাড়ি চালাতে যায়নি। শীতের তীব্রতার সাথে সাথে ঘন কুয়াশায় গাড়ী চালান ঝুকিপূর্ণ বলে অনেকে গাড়ি নিয়ে বের হননি।
তবে এই শীতে গরিব অসহায়-মানুষ গুলোর পাশে দাড়ানোর জন্য বিত্তবান ও প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেছেন অনেকে যাতে সাধারণ মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।

মেহেরপুর সদর উপজেলার আলমপুর গ্রাম আইরিন খাতুন ইরিন বলেন, মেহেরপুরের থেকেও অনেক কম দামে শিশুদের ভালো জামা-কাপর গাংনীতে পাওয়া যায়। তাই আমি খোলা বাজারে এসেছি। কিন্তু অন্যবছরের তুলনায় চলতি দাম একটু বেশি।

গাংনী উপজেলা ষোলটাকা ইউনিয়নের সাবেক ইউপি সদস্যা চামেলী খাতুন ছোট মেয়ের জন্য পোষাক ক্রয় করতে এসে বলেন, বিভিন্ন গ্রামের বহু নারী-পুরুষ ভিড় করছে এই খোলা মাকের্টে।

গাংনী শহরের ব্যবসায়ী বাবু ভিন্নভাবে অভিযোগ করে বলেন, গ্রামের অসহায় ছিন্নমূল শ্রেণীর মানুষকে বোকা বানিয়ে অধিক দামে খোলা মাকের্টে কাপড় বিক্রয় করছে অসাধু ব্যবসায়ীরা। কারণ এসব চায়না শীতের কাপরের দাম বিভিন্ন মার্কেট গুলোর ভালো মানের দোকান গুলোতেও ৫শত থেকে ১ হাজার টাকা দাম। কিন্তু এই খোলা মার্কেটেও ১ হাজার থেকে ১২’শ টাকা দাম ধরা হয়েছে। ফলে সাধারণ গ্রামের মানুষের সাথে প্রতারনা করা হচ্ছে বলে অভিযোগ করেন।

দাম বেশি নেওয়ার অভিযোগের বিষয়ে খোলা বাজারের ব্যবসায়ী ফিরোজ আহম্মেদ জানান, আমরা এর আগে যেসব বান্ডেল ১৪ হাজার টাকায় ক্রয় করেছি, সেই বান্ডেল এখন ১৭ হাজার টাকা নেয়। ফলে আমরা এখন বাধ্য হয়ে দাম বাড়িয়েছি।

গাংনী বাজার কমিটির সভাপতি মাহাবুবুর রহমান স্বপন বলেন, ব্যক্তিগত কাজে গাংনীর বাইরে থাকায় এমন হতে পারে। তবে গাংনী ফিরে এব্যাপারে ব্যবস্থা নেওয়ার কথা জানান।

জীবননগরে ফ্রি চক্ষু মেডিকেল ক্যাম্প

জীবননগরে ফ্রি চক্ষু মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে ১০টার সময় ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে উপজেলার সীমান্ত ইউনিয়নের হলরুমে ফ্রি চক্ষু মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

সীমান্ত ইউপি চেয়ারম্যান ময়েন উদ্দিন মঈনের সভাপিেতেত্ব ফ্রি চক্ষু মেডিকেল ক্যাম্প অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে রোগীদের চিকিৎসা প্রদান করেন ডা. আবু এহসান মো: ওয়াহেদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজ সেবা অফিসার মাসুদুর রহমান, ইউপি সদস্য ইমাদ আলী, ওয়েভ ফাউন্ডেশনের সমন্বকারী আশরাফুজ্জামান প্রমুখ। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন লিটন।

- জীবননগর প্রতিনিধি